



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



ঢাশিবো/বি/২২০/টাং/ ৭৭৭

তারিখ: ২৫/০৭/২০২২

বিষয়: বহুরিয়া চতল বাইদ আদর্শ উচ্চ বিদ্যালয় (বি.সি. বাইদ আদর্শ উচ্চ বিদ্যালয়) সখিপুর, টাঙ্গাইল এর প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ রফিকুল ইসলামের (ইনডেক্স- ৪৭২৩৯৩) নিম্নে উল্লিখিত সূত্রোক্ত পত্র ও আদেশের নির্দেশনা মোতাবেক তা অনুসরণ পূর্বক বেতন ভাতা প্রদান ও EFT তথ্য হালনাগাদ সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনসহ বোর্ডকে অবহিত করণ প্রসঙ্গে।

- সূত্র: ১. মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৩৬৫৭/২০১৫ এর আদেশ।
 ২. শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৩১.০০৭.১৫-৬৯৪ তারিখ:-০৬/০৮/২০১৭ এর পত্র।
 ৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা কর্তৃক প্রেরিত পত্রের স্মারক নং: ৪জি-৩৭৭-ম/২০১৩-২৯৯ তারিখ: ০৮/০৩/২০২২ এর মাধ্যমে প্রেরিত পত্র।
 ৪. ঢাকা শিক্ষা বোর্ডের স্মারক নং- ঢাশিবো/বি/২২০/টাং-৪৪৩ তারিখ: ০৭/০৪/২০২২ এর মাধ্যমে প্রেরিত পত্র।
 ৫. জেলা শিক্ষা অফিসারের কার্যালয়, টাঙ্গাইল কর্তৃক স্মারক নং-জেসিঅ/টাং-৩২০৮ তারিখ:০৭/০৬/২০২২ এর মাধ্যমে প্রেরিত তদন্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, সূত্রোক্ত (১) নং ক্রমিকে উল্লিখিত মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৩৬৫৭/২০১৫ এর আদেশের প্রেক্ষিতে সূত্রোক্ত (২) নং ক্রমিকে উল্লিখিত শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০ ০০.০৭২.৩১.০০৭.১৫-৬৯৪ তারিখ:- ০৬/০৮/২০১৭ এর মাধ্যমে প্রেরিত পত্রের নির্দেশনা মোতাবেক বহুরিয়া চতল বাইদ আদর্শ উচ্চ বিদ্যালয় (বি.সি. বাইদ আদর্শ উচ্চ বিদ্যালয়) সখিপুর, টাঙ্গাইল এর বরখাস্তকৃত প্রধান শিক্ষক জনাব মোঃ রফিকুল ইসলামের (ইনডেক্স- ৪৭২৩৯৩) বেতন ভাতা প্রদান ও EFT তথ্য হালনাগাদ করার জন্য সূত্রোক্ত (৩) নং ক্রমিকে উল্লিখিত মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা কর্তৃক প্রেরিত পত্রের স্মারক নং: ৪জি-৩৭৭-ম/২০১৩-২৯৯ তারিখ:০৮/০৩/২০২২ইং প্রেরিত পত্রের মাধ্যমে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি ও প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) কে নির্দেশ প্রদান করা হয়।

সূত্রোক্ত (৪)নং ক্রমিকে উল্লিখিত ঢাকা শিক্ষা বোর্ডের স্মারক নং- ঢাশিবো/বি/২২০/টাং-৪৪৩ তারিখ: ০৭/০৪/২০২২ এর মাধ্যমে প্রেরিত পত্রের নির্দেশনা অনুযায়ী জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল বিষয়টি তদন্ত পূর্বক সূত্রোক্ত (৫) নং ক্রমিকে উল্লিখিত পত্রের স্মারক নং- জেসিঅ/টাং-৩২০৮ তারিখ:০৭/০৬/২০২২ এর মাধ্যমে তদন্ত প্রতিবেদনটি মাননীয় চেয়ারম্যান, ঢাকা শিক্ষা বোর্ড বরাবর প্রেরণ করেছেন। গৃহীত তদন্ত প্রতিবেদনের মতব্য অনুযায়ী মহাপরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা মহোদয়ের আদেশ অমান্য করায় জরুরী ভিত্তিতে এডহক কমিটি ভেঙ্গে দিয়ে নতুন কমিটি গঠনের বিষয়ে সুপারিশ প্রদান করেছেন।

এমতাবস্থায় সূত্রোক্ত (১) নং ক্রমিকে উল্লিখিত মহামান্য হাইকোর্টের আদেশ এবং সূত্রোক্ত (২) ও (৩) নং ক্রমিকে উল্লিখিত পত্রের নির্দেশনাকে অনুসরণ করে জরুরী ভিত্তিতে এ সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করে বোর্ডকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। ব্যর্থতায় ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত প্রবিধানমালা ২০০৯ এর প্রবিধি ৩৮(২) অনুযায়ী “কেন ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেওয়া হবে না” মর্মে কারণ দর্শনা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপক

সভাপতি, এডহক কমিটি

বহুরিয়া চতল বাইদ আদর্শ উচ্চ বিদ্যালয়, সখিপুর, টাঙ্গাইল।

মেমো নং- ৭৭৭ (২)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- ৪। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
- ৫। উপজেলা নিবাহী অফিসার, সখিপুর, টাঙ্গাইল।
- ৬। জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল।
- ৭। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), বহুরিয়া চতল বাইদ আদর্শ উচ্চ বিদ্যালয়, সখিপুর, টাঙ্গাইল।
- ৮। জনাব মোঃ রফিকুল ইসলাম, প্রধান শিক্ষক (বরখাস্তকৃত), বহুরিয়া চতল বাইদ আদর্শ উচ্চ বিদ্যালয়, সখিপুর, টাঙ্গাইল।
- ৯। অফিস কপি।

তারিখ: ২৫/০৭/২০২২

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

২৫/০৭/২০২২